তারিখ 04 1990
পৃষ্ঠা ৭ কলাম ৫

দৈনিক ইত্তেফাক 6

# কম্পিউটার জনশক্তি গড়িয়া তোলার ৫-সালা পরিকল্পনা

(ইত্তেফাক রিপোর্ট)

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ২০ হাজার কম্পিউটার পরিচালনার দক্ষ জনশক্তি গড়িয়া তোলার লক্ষ্যে ২৫ কোটি টাকা ব্যয়সাপেক্ষ একটি পাচসালা পরিকল্পনা গ্রহণ করিতে যাইতেছে। প্রেসিডেন্টের বিশেষজ্ঞ উপদেষ্টা

( ৭ম পৃঃ দ্রঃ )

## কম্পিউটার

( ১ম পৃঃ পর )

এম রফিকুজ্জামান গতকাল (মঙ্গলবার) এক সাংবাদিক সম্মেলনে এ কথা জানান।

আগামী বৎসর হইতে এসএসসি ও এইচএসসি পর্যায়ে ঐচ্ছিক বিষয় হিসাবে কম্পিউটার শিক্ষা প্রবর্তনের জন্য ইতিমধ্যে পাঠ্যপুস্তক প্রণয়নের কাজ শুরু হইবার কথা জানাইয়া উপদেষ্টা উল্লেখ করেন, আজ ( বুধবার ) পরীক্ষামূলকভাবে মোহাম্মদপুর আওরঙ্গজেব রোডে কম্পিউটার কাউন্সিল সদর দফতরে অর্ধশত ছাত্র-ছাত্রীকে লইয়া ইয়ুথ কম্পিউটার ক্লাব কার্যক্রম উদ্বোধন করা হইবে। প্রেসিডেন্ট এরশাদ আজ দুপুরে নবীন কম্পিউটারবিদদের উৎসাহদানের জন্য কম্পিউটার বোর্ড পরিদর্শন করিবেন।

তরুণ কম্পিউটার ক্লাবে পঞ্চম হইতে অষ্টম, নবম-দশম এবং একাদশ-দ্বাদশ শ্রেণীর ছাত্র-ছাত্রীরা তিন গ্রুপে কম্পিউটারে খেলাধুলা, কম্পিউটার ব্যবহার, ক্লাব কার্যক্রম ও লাইব্রেরী ব্যবহারের সুযোগ লাভ করিবে। পরে এ ক্লাব কার্যক্রম বিজ্ঞান ক্লাবের মত স্কুল-কলেজে বিস্তৃত হইবে।

উপদেষ্টা জানান, বাংলাদেশে কম্পিউটার যন্ত্র নির্মাণ বা সংযোজনের শিল্প স্থাপনের ব্যাপারে কোন বাধা নাই। একটি সুইডিশ প্রতিষ্ঠান শতকরা ১০০ভাগ রপ্তানির শর্তে যৌথ উদ্যমে বাংলাদেশে কম্পিউটার সংযোজন কারখানা স্থাপনের জন্য ৪ কোটি টাকার প্রকল্প পেশ করিয়া অনুমোদন পাইয়াছে। দেশেও সকল মন্ত্রণালয় ও সচিবালয়ে কম্পিউটার সংগ্রহের নির্দেশ দেওয়া হইয়াছে।

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান এম আজিজুর রহমান ও সহকারী পরিচালক এম আজহারুল হকও সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন। প্রশ্নের জবাবে তাহারা বলেন, কর হ্রাসের পর ৩৬ হাজার টাকায় পিসি বিক্রি করা সম্ভব হইলেও ব্যবসায়ীরা ক্রেতাদের সেই সুবিধা দিতেছে না।